রেডিও মেঘনা

# মেঘনা বুলেটিন

ডিসেম্বর ২০২২: সংখ্যা: ৫৭

## আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবণ-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সাংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।




/radiomeghna99.0 radiomeghna.net

### উপজেলা প্রশাসনের আয়োজনে রেডিও মেঘনার অংশ গ্রহণে সবার কণ্ঠে অনুষ্ঠিত হলো দেশের গান




১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবস উপলক্ষ্যে কমিউনিটি রেডিও "রেডিও মেঘনা' জাতীয় প্রোগ্রাম ও সাংস্কৃতিক অনুষ্ঠান অংশগ্রহণ করেন। (১৬ ডিসেম্বর) শুক্রবার সকালে উপজেলা প্রশাসনের আয়োজনে চরফ্যাসন টি-ব্যারেট মডেল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে রেডিও মেঘনার পক্ষ থেকে জাতীয় প্রোগ্রাম কুচকাওয়াজ অনসহ-নিউজ প্রডিউসার আছমা আক্তার সুরভী উপস্থাপনায় অংশ নেন। চরফ্যাসন উপজেলায় নির্বাহী কর্তমর্কা আল-নোমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও ভোলা ৪ আসনের সংসদ সদস্য জনাব আব্দুল-হ আল ইসলাম জ্যাকব এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান জনাব, জয়নাল আবেদীন আখন, পৌর মেয়র জনাব, মোঃ মোর্শেদ, সাধারণ সম্পাদক নুরুল ইসলাম ভিপি, চরফ্যাসন থানার অফিসার ইনর্চাজ মোঃ মুরাদ হোসেন, সহকারি কমিশনার ভুমি আব্দুল মতিন খান এবং নির্বাহী কর্মকর্তা সহধর্মিনী ও সহকারি কমিশনার ভুমির সহধর্মিনী।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান, বীর মুক্তিযোদ্ধ, উপজেলা প্রশাসনের সকল দপ্তরের কর্মকর্তাসহ কোস্ট ফাউন্ডেশন এর ভোলা জেলার আঞ্চলিক টিম লিডার রাশিদা বেগম এবং ফায়ার সার্ভিস, পুলিশ প্রশাসন, আনসার ভিডিপি সহ কুচকাওয়াজে অংশ গ্রহণ করা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক ও সাংবাদিক বৃন্দ।




পরে ১৬ ডিসেম্বর সন্ধ্যা সাড়ে ৬টায় চরফ্যাসন ফ্যাশন স্কয়ারের কেন্দীয় শহীদ মিনার প্রাঙ্গনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তরুণ প্রজন্মেকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করতে বিজয়ের কবিতা ও গান পরিবেশন করেন রেডিও মেঘনার রেডিও মেঘনার এক ঝাঁক তরুণী।

এছাড়াও রেডিও মেঘনার বিশেষ আয়োজনে ছিলো প্রামান্য অনুষ্ঠান। মুক্তিযুদ্ধের চেতনায় ছিলো গান, কবিতা, কথিকা ইত্যাদি।

আবদুল-হ আল ইসলাম জ্যাকব এমপি বলেন, নয় মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধে প্রায় ৩০ লক্ষ শহিদ ও ২ লক্ষ মা-বোনের ইজ্জতের বিনিময়ে আমরা পেয়েছিলাম স্বাধীনতা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে যে যুদ্ধ শুরু করেছিলো বাঙালি জাতি তার বিজয় এসেছিলো সেই বছরের ১৬ ডিসেম্বর। লক্ষ লক্ষ জীবনের আত্মত্যাগের পরে এসেছিলো আমাদের কাঙ্খিত বিজয়। এই মাসটি আমাদের বাঙালি জাতির হৃদয়ে আনন্দ ও গৌরবের। বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে স্মরণীয় দিন। বিশ্বের বুকে স্বাধীন জাতি হিসেবে মাথা উঁচু করে দাঁড়ানোর দিন। ১৯৫২ সালে রাষ্ট্রভাষা বাংলার দাবী নিয়ে স্বাধিকারের জন্য যে আন্দোলন শুরু হয়েছিল তা পূর্ণতা পায় ১৯৭১ সালের ৯ মাসব্যাপী মুক্তিযুদ্ধে। যে যুদ্ধ পুরো বিশ্বকে নাড়িয়ে দিয়েছিল। যে যুদ্ধ তৎকালীন বিশ্বের দুই পরাশক্তি মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়নকে মুখোমুখি দাঁড় করিয়ে দিয়েছিল। তা হলো আমাদের ৭১, আমাদের ইতিহাস, আমাদের মুক্তিযুদ্ধ।



## রেডিও অনুষ্ঠান “শিশুর যত্ন”



শীতের এসময় রোগের প্রার্দুভাব একটু বেশিই হয়। শিশুদের যেহেতু রোগ প্রতিরোধ ক্ষমতা কম, তাই প্রয়োজন বাড়তি যত্ন। পরিবারের সবাই বিশেষ করে মা শিশুর বাড়তি যত্নের বিষয় সর্তক থাকেন। জিন্নগর ৬ নং ওয়ার্ড এলাকায় যেতে এমনই এক মা রুজিনা’র সাথে দেখা হয়।

সকালের মিষ্টি রোদে শিশুকে কোলে নিয়ে রেডিও মেঘনার সকালের আয়োজন শুনছেন। তিনি জানান, রেডিওতে শিশুদের যত্নে বিষয় অনেক অনুষ্ঠান প্রচার হয়। শীতের সময় শীশুদের বেশি ঠান্ডা লাগতে দেখা যায়। শীতের শুরুতেই আমার ছেলের একবার ঠান্ডা লেগেছে। বেশ কয়েদিন ছেলেটা নিয়ে চিন্তায় ছিলাম। তখন রেডিওর অনুষ্ঠান থেকে আমি আমার সন্তানের বেশি বেশি যত্ন নেই। ধীরে ধীরে ছেলেটা সুস্থ্য হয়ে ওঠে। এখন সর্তক থাকি যাতে ছেলেটার ঠান্ডা না লাগে। কারন রেডিওতে শুনেছি, শীতের সময় শিশুদের বেশি যত্ন নিতে হয়। আমার ছেলের যাতে বেশি যত্ন নিতে পারি তার জন্য আমার শ্বাশুড়ি কাজ বেশি করে ঘরের।

## রেডিও অনুষ্ঠান “স্বাস্থ্য”



চিরকাল মেয়েরা মায়ের আঁচলেই সকল শান্তি, স্বস্তি, সাহস ও সুখ খুঁজে পায়। মেয়ের সুস্থ ও সুন্দর জীবন গড়তে মায়ের ভূমিকা অসীম। চরফ্যাশন আব্দুল্লাপুর এলাকার অসচেতন পারভিন বেগম (৩৫)রেডিও মেঘনার আয়োজন শুনে সর্তক থেকে সেরা মা হয়ে ওঠেন।
তিনি বলেন, আমি জানতাম বয়ঃসন্ধিকালে ময়েদের কোন বাড়তি যত্ন নেবার প্রোয়জন নেই। বরং ঘরের মধ্যে বন্ধি থাকা, ঠিক দুপুরের বা ঠিক সন্ধ্যায় যতই দরকার থাকুক বাইরে যাওয়া যাবে না। প্রমথ মাসিকের সময় মেয়েকে সাকো পারাতে হবে, মাছ-মাংস, কাচাঁ কলা খাওয়া যাবে না। শুধু তরল খাবার খেতে হবে। কিন্তু যখন রেডিও মেঘনা থেকে শুনুলাম, এই সবই কুসংস্কার। বয়ঃসন্ধিকালে বেশি করে পুষ্টিকর খাবার খাওয়াতে হবে এবং পুরিষ্কার-পরিচ্ছন রাখতে, জরায়ুতে খারযুক্ত সাবান ব্যবহার করা যাবে না। এগুলো শুনে প্রথম প্রথম তো বিশ্বাসই করিনি। পরের শুনি চরফ্যাসন হাসপাতালের ডাক্তারাও রেডিওতে এসে এগুলো বলে। রেডিও মেঘনার আয়োজন শুনে গত চার বছর আগে থেকেই এই ভুল ধারনা ভেঙে গেছে। এখন আমার ১৬ বছর বয়সী মেয়েকে বাড়তি খাবার যেমন- দুধ, ডিম, বিভিন্ন ফলমূল ও শাক-সবজি খাওয়াই। এছাড়াও করোনা কালীন সময় আমি আমার মেয়ে দুজনেই নিয়মিত রেডিও শুনতাম। এখন অমরা সবাই ভালো এবং সুস্থ্য আছি। অনেক অনেক ধন্যবাদ রেডিও মেঘনা ৯৯.০ এফএমকে।

## রেডিও শ্রোতা মতামত



- ❖ রেডিওর অনুষ্ঠান শুনে দ্রুত জন্ম নিবন্ধন করিয়েছে।
- ❖ কথিকা শুনে শীতে পানি পানের পরিমান বাড়িয়েছেন।
- ❖ রান্না ঘর অনুষ্ঠান শুনে নতুন রান্নার রেসিপি শিখেছি।
- ❖ রেডিও থেকে শুনে, পানি অপচয় কম করার চেষ্টা করি।
- ❖ শ্রোতারা আচারের রেসিপি সম্পর্কে জানতে চেয়েছেন এবং জানান হয়েছে।

যোগাযোগ:
উম্মে নিশি, সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা। ফোন: ০১৭০৮ ১২০৩৯০
ই-মেইল: nishi.meghna@coastbd.net কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।